এক নজরে

উপজেলা ভূমি অফিস

উলিপুর, কুড়িগ্রাম

প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা ভূমি অফিস রয়েছে। এই অফিস ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক এর অধীন পরিচালিত। এছাড়া সিটি কর্পোরেশন এলাকায় একাধিক ভূমি অফিস রয়েছে, যা “সার্কেল ভূমি অফিস” নামে পরিচিত। উলিপুর একটি নদী অধ্যষিত এলাকা। এখানে কোন শিল্প কলকারখানা নাই।

**দপ্তর প্রধানের পদবী**: সহকারী কমিশনার (ভূমি)

**কার্যক্রম**: উপজেলা ভূমি অফিসের উল্লেখযোগ্য কাজ হলো ভূমি ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণের দায়িত্ব পালন। এছাড়া অন্যান্য দায়িত্ব হলো:

- নামজারী ও জমাভাগ মোকদ্দমার মাধ্যমে রেকর্ড হালকরণ।
- রেকর্ড সংশোধন।
- খাস জমি ব্যবস্থাপনা।
- অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা।
- সায়রাত মহালের তথ্যাদি সংরক্ষণ ও ব্যবস্থাপনা।
- দেওয়ানী মোকদ্দামা তথ্য বিবরণী প্রস্তুত ও প্রেরণ।
- ভূমি উন্নয়ন কর আদায়।
- রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা পরিচালনা করা।
- গুচ্ছগ্রাম ও আদর্শ গ্রাম প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম।
- আবাসন ও আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন।
- মিস মোকদ্দমা পরিচালনা করা।
- ভূমিহীনদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান।
- অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান।
- জরিপ কাজের তদারকি ও পরিচালনা করা।
- দাবিদারহীন (লা-ওয়ারীশ) সম্পত্তির ব্যবস্থাপনা
- সিকস্তি-পয়স্তি জমি ব্যবস্থাপনা
- এল এ কেস নিস্পত্তি করণে সহায়তা করা।
- জমির শ্রেণী পরীবর্তন করা।
- হাট-বাজার ব্যবস্থাপনা।
- আদালতের আদেশ মোতাবেক রেকর্ড সংশোধন।
- PO-96, 98,95
- পরিত্যক্ত ভূ-সম্পত্তি জবর দখল/ উচ্ছেদ
- সরকারি গাছ-গাছালি সংরক্ষণ / পুরাতন মালামাল সংরক্ষণ

উপরোক্ত কার্যক্রমগুলি সঠিকভাবে পরিচালনা ও বাস্তবায়নের জন্য সহকারী কমিশনার ভূমি এর অধীনে কানুনগো, সার্ভেয়ার, অফিস সহকারী, সমন জারীকারক, চেইনম্যান ও অফিস সহায়কগণ দায়িত্ব পালন করেন ও সার্বিকভাবে তাঁকে সহযোগিতা করেন।

**আওতাধীন অফিস**: সাধারণত প্রতিটি ইউনিয়নে একটি করে ইউনিয়ন ভূমি অফিস রয়েছে। আবার একাধিক ইউনিয়ন মিলেও একটি ভূমি অফিস রয়েছে। তবে সিটি কর্পোরেশন বা অন্যান্য বিশেষ ক্ষেত্রে একাধিক অফিস থাকতে পারে। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এ সকল অফিসে দায়িত্ব পালন করে থাকেন। এক বা একাধিক ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণ তাকে সার্বিক ভাবে সহযোগীতা করেন।

উলিপুর উপজেলা ভূমি অফিসের আওতায় মোট ১৪ টি ইউনিয়ন ভূমি অফিস রয়েছে:

০১। পৌর ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম,

০২। তবকপুর ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৩। গুনাইগাছ ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৪। ধরণীবাড়ী ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৫। বজরা ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৬। থেতরাই ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৭। বুড়াবুড়ি ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৮। দলদলিয়া ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

০৯। ধামশ্রেণী ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

১০। পান্ডুল ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

১১। সাহেবের আলগা ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

১২। হাতিয়া ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

১৩। দূর্গাপুর ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

১৪। বেগমগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর কুড়িগ্রাম

ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের দায়িত্ব নিম্নরুপ:

- ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়
- খাস জমির বিবরণ সংরক্ষণ।
- নাম পত্তন কেসের সরেজমিনে তদন্ত।
- বিবিধ দাবী আদায়।
- মৌজা ম্যাপ সংরক্ষণ।
- হাট-বাজার ও জলমহালের টোল আদায় ও খাস আদায়(সরেজমিন তদন্ত ও তদারকি করণ)।
- দেওয়ানী মোকদ্দমার তথ্য বিবরণী প্রস্তুত ও আদালতে সাক্ষ্য প্রদান।
- সরকারী স্বার্থ সংশ্লিষ্ট জমির দখল বজায় রাখা(অবৈধ দখলদার চিহ্নিতকরণ,উচ্ছেদের জন্য প্রস্তাব প্রেরণ ও উচ্ছেদ কাজে সহযোগিতা করা)।
- সিকস্তি-পয়স্তি জমির বিবরণ সংরক্ষণ।
- জমির শ্রেণী হালনাগাদ করণ।
- ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়।
- পিও ৯৮/৭২, পিও ১০/৮৪ মোতাবেক সিলিং বহির্ভূত জমি চিহ্নিত করণ।
- সার্টিফিকেট মোকদ্দমার দাবী আদায়/ সার্টিফিকেট মোকদ্দমারপ্রস্তাব প্রেরণ।
- বিবিধ আবেদনের প্রেক্ষিতে তদন্ত প্রতিবেদন।
- আবাসন/ আশ্রয়ন/ গুচ্ছগ্রাম/ আদর্শ গ্রাম পরিদর্শন ও তদারকি এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ ।
- কৃষি ও অকৃষি খাস জমির তদন্ত ও বন্দোবস্তের জন্য প্রস্তাব প্রেরণ ।
- আদালতের আদেশ মোতাবেক রেকর্ড সংশোধন ।
- এস,এ, কেসের অন্তর্ভুক্ত সম্পত্তি সংরক্ষণ/ অব্যবহৃত সম্পত্তি খাস করণের জন্য প্রস্তাব প্রেরণ ।
- নামজারী ও জমাভাগ মোকাদ্দমার মাধ্যমে রেকর্ড সংশোধন ।
- সরকারি ও মালিকানাধীন সম্পত্তির রেকর্ডপত্র সংরক্ষণ।
- জরিপ কাজে সরকারি সম্পত্তি রেকর্ড করণে সহায়তা করণ।
- অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ।
- সরকারি গাছ-গাছালি সংরক্ষণ।
- দাবিদারহীন (লা-অয়ারিশ) সম্পত্তি চিহ্নিতকরণ ও খাসকরণের জন্য প্রস্তাব প্রেরণ।